গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

নিউ গভঃ ডিগ্রী কলেজ, রাজশাহী

ওয়েব ঠিকানা : **www.ngdc-raj.ac.bd**

EIIN- 127038

২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তি বিজ্ঞপ্তি

স্মারক নং- তারিখঃ- ২৫/০৫/২০১৬ খ্রি.

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের সিদ্ধান্ত ও জারীকৃত নীতিমালা (স্মারক নং- শাঃ৬/১৩ বিবিধ-২৮/২০০৭(অংশ-১)−৬০৫ তারিখঃ ১২/০৫/২০১৬ খ্রি.) অনুযায়ী নিউ গভঃ ডিগ্রী কলেজ, রাজশাহীতে নিম্নলিখিত শর্ত সাপেক্ষে ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির জন্য অন-লাইন (www.xiclassadmission.gov.bd)-এ অথবা টেলিটক মোবাইল SMS-এর মাধ্যমে আবেদন আহ্বান করা যাচ্ছে।

১। আবেদন করার যোগ্যতা ও শাখা নির্বাচন ঃ

(ক) ২০১৪, ২০১৫, ২০১৬ সালে দেশের যে কোন শিক্ষাবোর্ড এবং বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৩, ২০১৪, ২০১৫, ২০১৬ সালে এস.এস.সি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীগণ ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে নীতিমালার অন্যান্য বিধানাবলি সাপেক্ষে কোন কলেজ/সমমানের প্রতিষ্ঠান একাদশ শ্রেণিতে ভর্তির যোগ্য বিবেচিত হবে ;

(খ) ভর্তির জন্য একজন প্রার্থী নিম্নরূপ গ্রুপ নির্বাচন করতে পারবে ঃ
বিজ্ঞান গ্রুপ হতে উত্তীর্ণ শিক্ষার্থী বিজ্ঞান, মানবিক ব্যবসায় শিক্ষা গ্রুপ এর যে কোন একটি ;
মানবিক গ্রুপ হতে উত্তীর্ণ শিক্ষার্থী মানবিক ও ব্যবসায় শিক্ষা গ্রুপ এর যে কোন একটি এবং
ব্যবসায় গ্রুপ হতে উত্তীর্ণ শিক্ষার্থী ব্যবসায় শিক্ষা ও মানবিক গ্রুপ এর যে কোন একটি।

(গ) এস.এস.সি/সমমানের পরীক্ষায় প্রাপ্ত ন্যূনতম জিপিএ ঃ
বিজ্ঞান শাখার জন্য - ৫.০০
মানবিক শাখার জন্য - ৩.৫০ এবং
ব্যবসায় শিক্ষা শাখার জন্য- ৩.৭৫

(ঘ) শাখা পরিবর্তন করে ভর্তির আবেদনের ক্ষেত্রে বিজ্ঞান শাখা হতে মানবিক বা ব্যবসায় শিক্ষা শাখার জন্য জিপিএ- ৪.০০, ব্যবসায় শিক্ষা হতে মানবিক শাখার জন্য জিপিএ-৩.৭৫ এবং মানবিক শাখা হতে ব্যবসায় শিক্ষা শাখার জন্য জিপিএ - ৩.৭৫ থাকতে হবে।

২। আসন সংখ্যা ঃ

শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- শাঃ৬/১৩ বিবিধ-২৮/২০০৭(অংশ-১)−৬০৫ তারিখঃ ১২/০৫/২০১৬ খ্রি.) ৩.২ ধারা অনুসারে

শাখা	মোট আসন সংখ্যা	অগ্রাধিকার আসন সংখ্যা
বিজ্ঞান	৬০০	**৮৯% = ৫৩৪ টি আসন** ঃ- সকলের জন্য উন্মুক্ত। **৩% = ১৮ টি আসন** ঃ- বিভাগীয় সদরের বাইরের শিক্ষার্থীদের জন্য সংরক্ষিত থাকবে। **৫% = ৩০ টি আসন** ঃ- মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তানদের জন্য সংরক্ষিত থাকবে। এক্ষেত্রে প্রার্থীকে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে প্রদত্ত সনদপত্র ও গেজেটের সত্যায়িত ফটোকপি ভর্তির সময় জমা দিতে হবে। **২% = ১২ টি আসন** ঃ- শিক্ষা মন্ত্রণালয়, এর অধঃস্তন দপ্তরসমূহ ও অত্র শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষক/কর্মচারীর সন্তানদের জন্য সংরক্ষিত থাকবে। এক্ষেত্রে ভর্তির সময় আবেদনপত্রের সাথে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন পত্রের মূলকপি এবং জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে। ০.৫%= ৩ টি আসন-প্রবাসীদের সন্তানদের জন্য সংরক্ষিত। ০.৫%= ৩ টি আসন-বি.কে.এস.পি এর শিক্ষার্থীদের জন্য সংরক্ষিত।
মানবিক	৩০০	**৮৯% = ২৬৭ টি আসন** ঃ- সকলের জন্য উন্মুক্ত। **৩% = ৯ টি আসন** ঃ- বিভাগীয় সদরের বাইরের শিক্ষার্থীদের জন্য সংরক্ষিত থাকবে। **৫% = ১৫ টি আসন** ঃ- মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তানদের জন্য সংরক্ষিত থাকবে। এক্ষেত্রে প্রার্থীকে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে প্রদত্ত সনদপত্র ও গেজেটের সত্যায়িত ফটোকপি ভর্তির সময় আবেদনপত্রের সাথে জমা দিতে হবে। **২% = ৬ টি আসন** ঃ- শিক্ষা মন্ত্রণালয়, এর অধঃস্তন দপ্তরসমূহ ও অত্র শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষক/কর্মচারীর সন্তানদের জন্য সংরক্ষিত থাকবে। এক্ষেত্রে ভর্তির সময় আবেদনপত্রের সাথে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন পত্রের মূলকপি এবং জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে। **(০.৫%+.০৫%)=১%= ৩ টি আসন-প্রবাসীদের সন্তান ও বি.কে.এস.পি এর শিক্ষার্থীদের জন্য সংরক্ষিত।**
ব্যবসায় শিক্ষা	৩০০	**৮৯% = ২৬৭ টি আসন** ঃ- সকলের জন্য উন্মুক্ত। **৩% = ৯ টি আসন** ঃ- বিভাগীয় সদরের বাইরের শিক্ষার্থীদের জন্য সংরক্ষিত থাকবে। **৫% = ১৫ টি আসন** ঃ- মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তানদের জন্য সংরক্ষিত থাকবে। এক্ষেত্রে প্রার্থীকে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে প্রদত্ত সনদপত্র ও গেজেটের সত্যায়িত ফটোকপি ভর্তির সময় আবেদনপত্রের সাথে জমা দিতে হবে। **২% = ৬ টি আসন** ঃ- শিক্ষা মন্ত্রণালয়, এর অধঃস্তন দপ্তরসমূহ ও অত্র শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষক/কর্মচারীর সন্তানদের জন্য সংরক্ষিত থাকবে। এক্ষেত্রে ভর্তির সময় আবেদনপত্রের সাথে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন পত্রের মূলকপি এবং জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে। **(০.৫%+০.৫%)=১%= ৩ টি আসন-প্রবাসীদের সন্তান ও বি.কে.এস.পি এর শিক্ষার্থীদের জন্য সংরক্ষিত।**

Rahman
25.5.16

৩। ভর্তি পরীক্ষার পরিবর্তে শুধুমাত্র এস.এস.সি/সমমান পরীক্ষার ফলাফলের ভিত্তিতে একাদশ শ্রেণিতে ভর্তি করা হবে।

৪। (ক) সমান জিপিএ প্রাপ্তদের ক্ষেত্রে সর্বমোট প্রাপ্ত নম্বরের ভিত্তিতে মেধাক্রম নির্ধারণ করা হবে। বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, কারিগরি শিক্ষা বোর্ড ও বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় এর ক্ষেত্রে গ্রেড পয়েন্ট ও প্রাপ্ত নম্বর সমতুল্য করে হিসাব করতে হবে।

(খ) বিজ্ঞান শাখায় ভর্তির ক্ষেত্রে সমান মোট নম্বর প্রাপ্তদের মেধাক্রম নির্ধারণের ক্ষেত্রে **সাধারণ গণিত ও উচ্চতর গণিত/জীববিজ্ঞানে** প্রাপ্ত নম্বর বিবেচনায় নেয়া হবে।

(গ) দফা 'খ' এর বিধান সত্ত্বেও যদি প্রার্থী বাছাইকল্পে উদ্ভূত সমস্যা নিরসন না হয় তাহলে পর্যায়ক্রমে **ইংরেজি, পদার্থবিজ্ঞান ও রসায়নে** প্রাপ্ত পয়েন্ট বিবেচনায় আনা হবে।

(ঘ) মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখার ক্ষেত্রে সমান মোট নম্বরের বিষয়টি নিষ্পত্তির লক্ষ্যে পর্যায়ক্রমে **ইংরেজি, গণিত ও বাংলা বিষয়ে** অর্জিত প্রাপ্ত নম্বর বিবেচনায় আনা হবে।

(ঙ) এক শাখার প্রার্থী অন্য শাখায় ভর্তির ক্ষেত্রে জিপিএ একই হলে সর্বমোট প্রাপ্ত নম্বরের ভিত্তিতে মেধাক্রম নির্ধারণ করা হবে। এক্ষেত্রে প্রার্থী বাছাই কল্পে উদ্ভূত জটিলতা না হলে পর্যায়ক্রমে **ইংরেজি, গণিত ও বাংলা বিষয়ে** প্রাপ্ত নম্বর বিবেচনায় আনতে হবে।

৫। উপ-অনুচ্ছেদ-৪ এর থেকে ঙ দফা এর আলোকে মেধাক্রম নির্ধারণ করা না গেলে বর্ণিত একই নিয়মে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে বিষয়টি নিষ্পত্তি করা হবে। (৩.৩.৫)

৬। অন লাইনে আবেদনের ক্ষেত্রে ১৫০/= (একশত পঞ্চাশ) টাকা আবেদন ফি টেলিটকের মাধ্যমে জমা সাপেক্ষে সর্বোচ্চ ১০ (দশ) টি কলেজ/সমমানের প্রতিষ্ঠানে পছন্দক্রম দেয়া যাবে। অনলাইনে মাত্র একবারই আবেদন করা যাবে। অন্যদিকে টেলিটক মোবাইল এস.এম.এস এর ক্ষেত্রে প্রতি কলেজ/সমমানের প্রতিষ্ঠানের জন্য জমা=১২০/= (একশত কুড়ি) টাকা আবেদন ফি প্রদান সাপেক্ষে পছন্দক্রম অনুযায়ী একাধিক কলেজ/সমমানের প্রতিষ্ঠানে আবেদন করা যাবে। এক জন শিক্ষার্থী যতগুলো কলেজে আবেদন করবে সব কলেজেই তার মেধাক্রম নির্ধারণ করা হবে।

অনলাইনে অথবা টেলিটক মোবাইলে এসএমএস এর মাধ্যমে আবেদনের সময় সূচিঃ

তারিখ, বার ও সময়
২৬/০৫/২০১৬ খ্রি. বৃহস্পতিবার থেকে ০৯/০৬/২০১৬ খ্রি. বৃহস্পতিবার পর্যন্ত
পুনঃনিরীক্ষণের ক্ষেত্রে যাদের ফল পরিবর্তিত হবে তাদের জন্য আবেদন বা এসএমএস করার শেষ তারিখ ০৯/০৬/২০১৬খ্রি. তারিখ বৃহস্পতিবার পর্যন্ত।

৭। **মনোনীত শিক্ষার্থীদের তালিকা প্রকাশ ঃ ১৬/০৬/২০১৬ খ্রি. তারিখ** কলেজের আসনের সমপরিমাণ (বিজ্ঞান শাখা- ৬০০, মানবিক শাখা- ৩০০ এবং ব্যবসায় শিক্ষা শাখা- ৩০০) মেধা তালিকা থেকে প্রাপ্ত ভর্তিযোগ্য প্রার্থীদের তালিকা প্রকাশ করা হবে।

৮। **ভর্তির সময় নিম্নলিখিত কাগজপত্র জমা দিতে হবে** ঃ

(ক) মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট/নম্বরপত্র এবং ০২ (দুই) টি সত্যায়িত ফটোকপি।

(খ) শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক ইস্যুকৃত মূল প্রশংসাপত্র ও ০২ (দুই) টি সত্যায়িত ফটোকপি।

(গ) সদ্য তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজ ও ০২ (দুই) কপি স্ট্যাম্প সাইজ রঙিন ছবি (সত্যায়িত নয়)।

(ঘ) মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তান কোটায় আবেদনকারীকে শুধুমাত্র মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে প্রদত্ত সনদ ও গেজেটের সত্যায়িত ফটোকপি ০১ (এক) টি করে। সত্যতা যাচাইয়ের জন্য মূল সনদ ও গেজেট ভর্তি কমিটির নিকট জমা দিতে হবে। যাচাইএর পর তা ফেরত দেয়া হবে।

(ঙ) ২% সংরক্ষিত আসনের ক্ষেত্রে আবেদনপত্রের সাথে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন পত্রের মূলকপি এবং জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।

(ভর্তির সময় মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট/নম্বরপত্র ও মূল প্রশংসাপত্র ফরমের সাথে জমা দিতে হবে বিধায় সেগুলোর পর্যাপ্ত সংখ্যক ফটোকপি নিজের কাছে সংরক্ষণ করতে হবে)

৯। **ভর্তির সময়সূচি** ঃ ১৮/০৬/২০১৬ খ্রি. তারিখ থেকে (ফলাফল প্রকাশ হওয়া সাপেক্ষে) কলেজ ওয়েবসাইটে (www.ngdc-raj.ac.bd) ও নোটিশ বোর্ডে বর্ণিত নিয়মানুসারে ভর্তি হতে হবে।

১০। ভর্তির জন্য নির্ধারিত সময়সীমা অতিক্রান্ত হওয়ার পর আসন শূন্য থাকা সাপেক্ষে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নির্দেশনা অনুসারে ভর্তি কার্যক্রম সম্পন্ন করা হবে।

১১। নীতিমালা অনুযায়ী ভর্তি সংক্রান্ত যে কোন সিদ্ধান্ত গ্রহণ, পরিবর্তন, পরিমার্জন, সংযোজন, সংশোধন ও বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১২। **ফলাফলসহ ভর্তি সংক্রান্ত যাবতীয় তথ্য রাজশাহী মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে (www.rajshahieducationboard.gov.bd), নিউ গভঃ ডিগ্রী কলেজ, রাজশাহী এর নোটিশ বোর্ড এবং নিজস্ব ওয়েব সাইট (www.ngdc-raj.ac.bd) থেকে পাওয়া যাবে।**

১৩। **ক্লাস শুরুর তারিখঃ ১০ জুলাই ২০১৬ খ্রি.।**

25.5.16

অধ্যক্ষ
নিউ গভঃ ডিগ্রী কলেজ, রাজশাহী

Prof. Md. Habibur Rahman
ID. 7705
Vice Principal
New Govt. Degree College, Rajshahi

C:\Users\Zoology\Desktop\HSC Admission Circular NGDC 2014-2015.doc